Ei-Somay
August 11, 2025

# ডিজিটাল হিউম্যানিটিজ় সম্মেলন সেন্ট জেভিয়ার্সে




অনুষ্ঠানে বক্তব্য রাখছেন এক অতিথি

**এই সময়:** ডিজিটাল প্রযুক্তির প্রভাব ও চ্যালেঞ্জ নিয়ে নিউ টাউনের সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়ে শুক্র ও শনিবার অনুষ্ঠিত হলো 'ডিজিটাল হিউম্যানিটিজ়: নিউ এরা এডুকেশন' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন। 'ফ্যাকাল্টি অফ আর্টস অ্যান্ড সোশ্যাল স্টাডিজ়'-এর তত্ত্বাবধানে আয়োজিত এই আলোচনায় উঠে আসে 'ফাবিং' অর্থাৎ আলাপচারিতার সময়ে মোবাইলে ডুবে অন্যকে উপেক্ষা করা, এবং 'নোমোফোবিয়া' অর্থাৎ মোবাইল না থাকলে আতঙ্ক বা অস্বস্তি অনুভব করার প্রবণতার মতো বিষয়।

বিশেষজ্ঞদের মতে, এগুলি প্রযুক্তির অগ্রগতির অনাকাঙ্ক্ষিত ফল। মুম্বইয়ের বিশিষ্ট মনোচিকিৎসক অবিনাশ ডি'সুজা উদাহরণ টেনে বলেন, 'আজকাল বাচ্চারা খেলাধুলো করছে মোবাইল বা আই-প্যাডের পর্দায়, মাঠে নয়।' বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ফাদার জেভিয়ার জেয়রাজ প্রশ্ন তোলেন, 'প্রযুক্তি কি সত্যিই মানুষকে কাছে আনছে, না কি দূরে সরিয়ে দিচ্ছে?' সম্মেলনের বিভিন্ন সেশনে উপস্থাপিত হয় বহু গবেষণাপত্র, যার সাব থিমে ছিল কৃত্রিম বুদ্ধিমত্তা, ডিজিটাল সংস্কৃতি, পারফর্মিং আর্টস ও ব্যবসায়িক মডেলের পরিবর্তন। নেট ব্যবহারের সামাজিক প্রভাব নিয়েও হয় আলোচনা। উদ্বোধনী ভাষণে ডিন সুস্মিতা হালদার জানান, জটিল বিষয়কে ইন্টারডিসিপ্লিনারি দৃষ্টিকোণ থেকে দেখাই আলোচনার মূল লক্ষ্য।